# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২১ তারিখ: ১২.১০.২০২১

**বিষয়: কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীম প্রসংগে।**

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক বিরূপ প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী (CMSME) শিল্প উদ্যোক্তাদের সক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে সরকার ঘোষিত ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ সংক্রান্ত এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ১৩.০৪.২০২০ তারিখের জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর নির্দেশনা অনুসরণে ঋণ ও অগ্রিম বিভাগ কর্তৃক ১৪.০৫.২০২০ তারিখে ঋওঅবি-১ সার্কুলার নং-০৫ মাঠ পর্যায়ে জারী করা হয়। সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নীতিগত সহায়তার পাশাপাশি পুনঃঅর্থায়ন ও সুদ ভর্তুকি সুবিধা প্রদান করা হচ্ছে।

সম্ভাবনাময় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) খাতে ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে সহায়ক জামানত গ্রহণের বিষয়টি একটি উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা হিসেবে বিবেচিত হয়ে আসছে। এ খাতে প্রান্তিক পর্যায়ের অনেক গ্রাহকের ঋণ/বিনিয়োগ পরিশোধের সামর্থ্য থাকলেও সহায়ক জামানত প্রদানে অসমর্থ অনেক সম্ভাবনাময় উদ্যোক্তা ব্যাংক ঋণ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে জামানতবিহীন ঋণ প্রদানের বিপরীতে গ্যারান্টি সুবিধা প্রদানের আবশ্যকতা বিবেচনায় এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর সিজিএস ইউনিট কর্তৃক গত ২৭.০৭.২০২০ তারিখে এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে 'ক্রেডিট গ্যারান্টি স্কীম' নামীয় একটি স্কীম চালু করা হয়েছে। উল্লিখিত স্কীমের আওতায় গ্যারান্টি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে ১২.০৮.২০২১ তারিখে বাংলাদেশ ব্যাংক এর সাথে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর একটি অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উল্লিখিত চুক্তিনামা এবং বাংলাদেশ ব্যাংকের এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনার অনুবৃত্তিক্রমে ২৭.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫৩৭তম সভার অনুমোদনক্রমে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র CMS) উদ্যোক্তাদের অনুকূলে জামানতবিহীন ঋণ প্রদানের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি স্কীম সংক্রান্ত নিম্নরূপ নীতিমালা ও ঋণ নিয়মাচার জারী করা হলো:

**১. ক্রেডিট গ্যারান্টি স্কীম:**

CMSME খাতে সরকার ঘোষিত ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ সংক্রান্ত এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ১৩.০৪.২০২০ তারিখের জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর নির্দেশনা অনুসরণে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৪.০৫.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-০৫ এর আওতায় শুধুমাত্র কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) খাতে চলতি মূলধন (Working Capital) ঋণ/বিনিয়োগের বিপরীতে এ ক্রেডিট গ্যারান্টি সুবিধা পাওয়া যাবে। বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের আওতাধীন ক্রেডিট গ্যারান্টি স্কীম ইউনিট এর মাধ্যমে এ সুবিধা প্রদান করা হবে।

**২. ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগের খাত ও ঋণ সীমা:**

২.১ ঋণ ও অগ্রিম বিভাগ কর্তৃক ১৪.০৫.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-০৫ এর আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) খাতে চলতি মূলধন ঋণ/বিনিয়োগের বিপরীতে এ ক্রেডিট গ্যারান্টি সুবিধা পাওয়া যাবে।

২.২ ক্রেডিট গ্যারান্টি স্কীম এর আওতায় CMS ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে গ্রাহক ভিত্তিক ঋণ/বিনিয়োগের সর্বনিম্ন পরিমাণ হবে ২ (দুই) লক্ষ টাকা এবং এবং সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা।

**৩. ক্রেডিট গ্যারান্টি সুবিধার খাতওয়ারী বিভাজন:**

৩.১ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগের আওতায় ম্যানুফ্যাকচারিং ও সেবা খাতে সর্বোচ্চ ৭০ (সত্তর) শতাংশ; এবং ব্যবসা (Trading) খাতে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) শতাংশ।

৩.২ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (CMSME) অর্থায়ন সংক্রান্ত ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০ এ বর্ণিত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে অর্থায়ন বিষয়ে উচ্চ অগ্রাধিকার ও অগ্রাধিকার খাতসমূহে সহায়ক জামানতবিহীন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে আলোচ্য গ্যারান্টি সুবিধা প্রাধান্য পাবে।

(চলমান পাতা-২)

ঋণঅবি-১ সার্কুলার নং-১০/২০২১ তারিখ: ১২.১০.২০২১

**৪. গ্যারান্টির মেয়াদ:**

৪.১ চলতি ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে স্কীমের আওতায় প্রদেয় গ্যারান্টির মেয়াদ হবে প্রাথমিকভাবে এক বছর।

৪.২ নির্ধারিত সময়ের মধ্যে ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ আদায় হয়ে থাকলে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের গ্যারান্টির মেয়াদ শেষ হয়ে যাবে।

৪.৩ ঋণ/বিনিয়োগ সুবিধা নবায়ন/পুনঃতফসিল করা হলে উক্ত নবায়ন/পুনঃতফসিলের সময়কাল গ্যারান্টির মেয়াদ হিসেবে গণ্য হবে।

৪.৪ ঋণ/বিনিয়োগের মেয়াদ বৃদ্ধি এবং নবায়ন/পুনঃতফসিলের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট হতে গ্যারান্টি মেয়াদ যথাক্রমে বৃদ্ধি করে নিতে হবে।

**৫. সর্বোচ্চ গ্যারান্টি সীমা:**

৫.১ CMS খাতে জামানতবিহীন চলতি মূলধন (Working Capital) ঋণ/বিনিয়োগের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধার জন্য ব্যাংকের অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক জামানতবিহীন CMS ঋণ/বিনিয়োগ এর ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট কর্তৃক পোর্টফোলিও নির্ধারণ করে দেয়া হবে।

৫.২ বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট কর্তৃক কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) খাতে চলতি মূলধন (Working Capital) ঋণ/বিনিয়োগের জন্য নির্ধারিত পোর্টফোলিও সীমার সর্বোচ্চ ত্রিশ (৩০) শতাংশ পর্যন্ত পোর্টফোলিও গ্যারান্টি ক্যাপ প্রদান করা হবে।

৫.৩ উল্লিখিত পোর্টফোলিও গ্যারান্টি ক্যাপের আওতায় কোন একক উদ্যোক্তা বা ঋণ/বিনিয়োগ গ্রহীতার ক্ষেত্রে সর্বোচ্চ আশি (৮০) শতাংশ পর্যন্ত গ্যারান্টি কভারেজ প্রদান করা হবে।

৫.৪ নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাবের ফলে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতে দ্বিতীয় পর্যায়ে ২০২১-২০২২ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যে ব্যাংকের CMS পোর্টফোলিও এর বিপরীতে বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট কর্তৃক এ ব্যাংকের জন্য **১৭.০০ কোটি** টাকা সর্বোচ্চ গ্যারান্টি সীমা নির্ধারণ করা হয়েছে।

**৬. গ্যারান্টি ফি:**

৬.১ বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট কর্তৃক প্রতি বছরের জন্য ঘোষিত পোর্টফোলিও সীমার আওতায় গ্যারান্টি রেজিস্ট্রেশনের সময় আবেদনকৃত ঋণের উপর ১% হারে ০১ (এক) বছরের জন্য গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। গ্যারান্টি ফি বাবদ উল্লিখিত অর্থ সংশ্লিষ্ট উদ্যোক্তা/ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করতে হবে।

৬.২ বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক অংশগ্রহণ চুক্তির আওতায় বাৎসরিক ভিত্তিতে গ্যারান্টি ফি বাংলাদেশ ব্যাংকে পরিশোধ করতে হবে।

৬.৩ এ গ্যারান্টি ফি ব্যতীত অন্য কোন ফি/চার্জ এর বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৪.০৫.২০২০ তারিখে জারীকৃত ঋণঅবি-১ সার্কুলার নং-০৫ এর নির্দেশনা এবং এ ব্যাংকের বিদ্যমান বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৬.৪ গ্যারান্টি চলমান থাকা সাপেক্ষে ০১ (এক) বছর অতিবাহিত হওয়ার পর পরবর্তী সময় হতে অব্যবহিত পূর্ববর্তী দিনের গ্যারান্টিলব্ধ স্থিতির উপর বার্ষিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে।

৬.৫ ব্যাংকের অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের হার ৫ শতাংশ বা এর কম হলে বার্ষিক ০.৫০% হারে এবং শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের হার ৫ শতাংশের বেশি হলে বার্ষিক ০.৭৫% হারে গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

৬.৬ প্রতি বছর গ্যারান্টি রেজিস্ট্রেশনের ১৫ (পনের) দিনের মধ্যে এবং পরবর্তী বছরসমূহে চলমান গ্যারান্টির ক্ষেত্রে অব্যবহিত পূর্ববর্তী বছর সমাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে গ্যারান্টি ফি আগাম পরিশোধ করতে হবে।

(চলমান পাতা-৩)

**৭. গ্যারান্টির আবেদন, ঋণ/বিনিয়োগ মঞ্জুরি/অনুমোদন ও বিতরণ পদ্ধতি:**

৭.১ ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ জামানতবিহীন ঋণ গ্রহণে ইচ্ছুক উদ্যোক্তা/গ্রাহকদের ঋণ/বিনিয়োগ আবেদনসমূহ প্রয়োজনীয় তথ্যাদিসহ প্রতি মাসের প্রথম ০৫ কার্যদিবসের মধ্যে গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ছকে জোনাল কার্যালয়ে আবেদন প্রেরণ করবে (সংযোজনী-১)।

৭.২ জোনাল কার্যালয়সমূহ কর্তৃক জোনের আওতাধীন শাখাসমূহের এতদসংক্রান্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক যোগ্য আবেদনসমূহের তালিকা প্রতি মাসের প্রথম ০৭ কার্যদিবসের মধ্যে গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ করতে হবে। গ্যারান্টি রেজিস্ট্রেশনের আবেদনের সাথে সংশ্লিষ্ট জোনসমূহ কর্তৃক ব্যাংকের বিদ্যমান ঋণ নীতিমালার আওতায় ঋণ/বিনিয়োগ আবেদনসমূহ যথাযথভাবে যাচাই-বাছাই করা হয়েছে মর্মে প্রত্যায়নপত্র দাখিল করতে হবে।

৭.৩ প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক জোনাল কার্যালয়ের আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক যোগ্য আবেদনসমূহের তালিকা প্রতি মাসের প্রথম ১০ কার্যদিবসের মধ্যে গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিটে দাখিল করতে হবে।

৭.৪ বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট হতে রেজিস্ট্রেশন প্রাপ্তির পর প্রধান কার্যালয় হতে সংশ্লিষ্ট শাখা/জোনসমূহকে উদ্যোক্তার অনুকূলে ঋণ/বিনিয়োগ মঞ্জুরি বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

৭.৫ প্রধান কার্যালয় হতে প্রেরিত এতদসংক্রান্ত নির্দেশনা প্রাপ্তির পর ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী ঋণ মঞ্জুরকারি কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ঋণ মঞ্জুরি/বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭.৬ আলোচ্য স্কীমের আওতায় ঋণ মঞ্জুরি/বিতরণের ক্ষেত্রে ঋণগ্রহীতা/উদ্যোক্তার ব্যবসা/পেশার ধরণ, উপযোগিতা এবং চাহিদার ভিত্তিতে প্রজ্ঞা ও বিচক্ষণতার সাথে ঋণের খাত নির্ধারণ করতে হবে। শাখা/জোন/বিভাগ কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক গ্রাহকের সক্ষমতার বিষয়ে নিশ্চিত হয়ে এ ঋণ মঞ্জুরি/সুপারিশ করতে হবে। এ স্কীমের আওতায় সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে নিম্নরূপভাবে ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগ করতে হবে:

| | | |
|---|---|---|
| ▪ শাখা ব্যবস্থাপক (ইউনিয়ন/উপজেলা/পৌরসভা/জেলা শাখা নির্বিশেষে) | : | ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পর্যন্ত। |
| ▪ জোনাল ব্যবস্থাপক/ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় | : | ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্ধ্বে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত। |
| ▪ বিভাগীয় মহাব্যবস্থাপক | : | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত। |
| ▪ উপ-ব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক (পরিচালন) | : | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উর্ধ্বে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত। |

৭.৭ ঋণ মঞ্জুরিপত্র ইস্যু/প্রাপ্তির পর শাখাসমূহ কর্তৃক যথাযথ ডিউ-ডিলিজেন্স সম্পন্ন করে ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৭.৮ আলোচ্য স্কীমের আওতায় ঋণ মঞ্জুরি ক্ষমতা ব্যতিরেকে এ ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ৫ম অধ্যায়ে বর্ণিত ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতা বিষয়ক অন্যান্য নির্দেশাবলী যথাযথ প্রয়োগ/বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

**৮. গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদের হার:**

৮.১ গ্যারান্টিলব্ধ ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে ৯% (গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদের হার ৪% এবং অবশিষ্ট ৫% সরকার হতে সুদ ভর্তুকি হিসেবে পাওয়া যাবে)। গ্যারান্টিলব্ধ ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ কর্তৃক ১৪.০৫.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-০৫ এর অন্যান্য এর নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে। তবে এ সার্কুলারে বর্ণিত গ্যারান্টি ফি এর বিষয়ে উক্ত নির্দেশনা প্রযোজ্য হবেনা।

৮.২ বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় প্রদত্ত ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদত্ত হলে ব্যাংক পর্যায়ে পুনঃঅর্থায়নকৃত ঋণ/বিনিয়োগের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত সুদ/মুনাফা হার প্রযোজ্য হবে।

(চলমান পাতা-৪)

**৯. গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি প্রক্রিয়া:**

৯.১ এ স্কীমের আওতায় গ্যারান্টিলব্ধ কোন ঋণ/বিনিয়োগ বিদ্যমান নীতিমালা অনুযায়ী মন্দমানে শ্রেণীকৃত হওয়ার পর পরবর্তীতে ক্রমিক নং-৯.৬ অনুযায়ী পুনঃতফসিল করার (প্রযোজ্য ক্ষেত্রে) পরও ঋণ/বিনিয়োগের অর্থ আদায় না হয়ে পুনরায় মন্দমানে শ্রেণীকৃত হলে গ্যারান্টির বিপরীতে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রাপ্য অর্থ দাবির আবেদন করতে হবে (সংযোজনী-৪)। তবে, গ্যারান্টি দাবির আবেদন করার পূর্বে ঋণ/বিনিয়োগ আদায়ের সকল প্রচেষ্টা গ্রহণসহ অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ অনুযায়ী মামলা দায়ের এবং অন্যান্য আইনী ব্যবস্থা নিশ্চিত করতে হবে। অর্থাৎ ঋণ/বিনিয়োগ আদায়ের লক্ষ্যে আইনী প্রক্রিয়াসহ ঋণ/বিনিয়োগ শ্রেণীকরণ, পুনঃতফসিল এবং প্রযোজ্য সকল ব্যবস্থা গ্রহণ করার পরও যদি ঋণ/বিনিয়োগ হিসাব মন্দমানে শ্রেণীকৃত হয় কেবলমাত্র তখনই গ্যারান্টির বিপরীতে বাংলাদেশ ব্যাংকের নিকট দাবি উত্থাপন করা যাবে ।

৯.২ গ্যারান্টি বিপরীতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ মন্দমানে শ্রেণীকৃত হলে সেক্ষেত্রে দাবির পরিমাণ মন্দমানে শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের আসলের গ্যারান্টিকৃত অংশ (Guaranteed Proportion of Principal Amount) পোর্টফোলিও গ্যারান্টির অদাবিকৃত অংশ (যেটি কম) এর বেশি হতে পারবে না।

৯.৩ অনাদায়ী সুদ/মুনাফার বিপরীতে কোনক্রমেই আলোচ্য গ্যারান্টি দাবি করা যাবে না।

৯.৪ গ্যারান্টির দাবি নিষ্পত্তির পরেও ঋণ/বিনিয়োগ আদায়ের ব্যাপারে সংশ্লিষ্ট শাখাসমূহ কর্তৃক আইনী পদক্ষেসহ সকল ধরনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। গ্যারান্টির দাবি নিষ্পত্তির পর ঋণ/বিনিয়োগের বিপরীতে উদ্যোক্তা হতে কোন অর্থ আদায় হলে তা গ্যারান্টি কভারেজের আনুপাতিক হারে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে তাৎক্ষণিকভাবে ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.৫ বিশেষ প্রয়োজনে গ্যারান্টিলব্ধ ঋণ/বিনিয়োগ পুনঃতফসিল করার প্রয়োজনীয়তা দেখা দিলে এতদসংক্রান্ত বিদ্যমান/সংশোধিত নীতিমালার আওতায় ঋণ/বিনিয়োগসমূহ পুনঃতফসিল করা যাবে এবং তা সিজিএস ইউনিটকে অবহিত করতে হবে। তবে গ্যারান্টিলব্ধ ঋণ/বিনিয়োগ বিদ্যমান নীতিমালা অনুযায়ী তিনবারের বেশি পুনঃতফসিল করা যাবে না।

**১০. ঋণের সদ্ব্যবহার যাচাই ও ঋণ তত্ত্বাবধান:**

১০.১ শাখাসমূহ কর্তৃক যথাযথ ডিউ-ডিলিজেন্স/ডকুমেন্টেশন সম্পন্ন করে ঋণ/বিনিয়োগ বিতরণ করতে হবে এবং বিতরণকৃত ঋণের যথাযথ সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে।

১০.২ ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করা না হলে বা কোন শর্ত লংঘন করা হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রদত্ত গ্যারান্টি বাতিল করা হবে। ফলশ্রুতিতে এতদসংক্রান্ত আর্থিক ক্ষতির দায়দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

১০.৩ বিতরণকৃত ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর ন্যস্ত থাকবে।

১০.৪ শাখা/জোনসমূহ কর্তৃক গ্যারান্টির আওতায় ঝুঁকি নির্ণয়ে সহায়ক এমন কোন তথ্য ইচ্ছাকৃতভাবে গোপন করলে অথবা ভুল কোন তথ্য প্রদান করলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিদ্যমান আইন/বিধি/নীতিমালার আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এহেন পরিস্থিতির উদ্ভব হলে দায়ভার সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

১০.৫ গ্যারান্টি সুবিধালব্ধ উদ্যোক্তাদের সাথে বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিটের সরাসরি কোন যোগাযোগ থাকবে না; তবে গ্যারান্টি সুবিধার জন্য আবেদন প্রাপ্তির পর গ্যারান্টির যথার্থতা এবং তথ্য/উপাত্তের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর কর্মকর্তাগণ ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট ঋণ নথি/দলিলাদি তলব/নিরীক্ষাসহ প্রয়োজনে সরেজমিনে উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ড পরিদর্শন করতে পারেন। বিধায় এতদসংক্রান্ত তথ্যাদি মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে (সংযোজনী-৬,৭,৮) হালনাগাদ রাখতে হবে এবং বাংলাদেশ ব্যাংক/প্রধান কার্যালয়ের চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সরবরাহ করতে হবে।

১০.৬ শাখা/জোনসমূহ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় বিষয়ক তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী প্রধান কার্যালয়ে রিপোর্ট করার পাশাপশি ব্যাংকের MIS সফটওয়ারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত নিয়মিত সরবরাহ/দাখিল করতে হবে।

**১১. ঋণ শ্রেণিকরণ ও প্রভিশন সংরক্ষণ:**

এ স্কীমের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ শ্রেণীকৃত হলে পোর্টফোলিও সীমার ৩০ (ত্রিশ) শতাংশ পর্যন্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে স্পেসিফিক প্রভিশন সংরক্ষণের বাধ্যবাধকতা গ্যারান্টির মেয়াদকালের জন্য অব্যাহতি প্রাপ্ত হবে।

(চলমান পাতা-৫)

ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২১ তারিখ: ১২.১০.২০২১

**১২. ঋণ হিসাবায়ন:**

আলোচ্য স্কীমের আওতায় বিতরণকৃত ঋণ হিসাব নিম্নবর্ণিত হেড এর মাধ্যমে পরিচালনা করতে হবে:

| Product Code | Name of Account |
|---|---|
| 510 | Loan Under Credit Guarantee Scheme on CMS for COVID-19 |

**১৩. অন্যান্য শর্তাবলী:**

১৩.১ ক্রেডিট গ্যারান্টি স্কীম এর আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এ সার্কুলারের নির্দেশনাবলীর পাশাপাশি বাংলাদেশ ব্যাংকের সিজিএস ইউনিট কর্তৃক প্রণীত Manual of Credit Guarantee Scheme এর নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে যা এতদসংগে সংযুক্ত করা হলো (সংযোজনী-ক)।

১৩.২ ক্রেডিট গ্যারান্টি স্কীম এর আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গ্রাহক/ঋণগ্রহীতার ব্যবসা/শিল্প উদ্যোগের ধরণ নির্ধারণ এবং জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০ এর প্রযোজ্য নির্দেশনা ও শর্তাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৩.৩ ক্রেডিট গ্যারান্টি স্কীম এর আওতায় অর্থায়নের ক্ষেত্রে শাখা/জোন কর্তৃক প্রদেয় ঋণ/বিনিয়োগের মধ্যে ন্যূনতম ১০(দশ) শতাংশ নারী উদ্যোক্তাদের অনুকূলে বিতরণ নিশ্চিত করতে হবে।

১৩.৪ ঋণগ্রহীতা নির্বাচন, ডেট-ইক্যুইটি অনুপাত, ঋণ মঞ্জুরি, বিতরণ, দলিলাদি সম্পাদন, ঋণের সদ্ব্যবহার ও তদারকির ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এবং এতদসংক্রান্ত অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৩.৫ ঋণ ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক জারীকৃত 'ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন' এবং মানিলন্ডারিং প্রতিরোধ সম্পর্কিত বিধি-বিধানের পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৩.৬ ক্রেডিট গ্যারান্টি স্কীম এর আওতায় অর্থায়নের ক্ষেত্রে এ নীতিমালার শর্তাদির বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরবর্তীতে কোন পরিবর্তন/সংশোধন করা হলে তা অনুসৃত হবে।

এ সার্কুলারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

১২.১০.২০২১
(শওকত শহীদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/২৯(CMSME)/২০২১-২০২২/৩৬৫(৪৫৪) তারিখ: ১২.১০.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১১। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। অফিস নথি/মহানথি।

১২.১০.২০২১
(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা